

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আব্দুল মান্নান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/ ৩১৬৫(১৪১৪)/২০১৯

তারিখ : ০৬ চৈত্র ১৪২৫
২০ মার্চ ২০১৯

পরিপত্র

বিষয়ঃ আর্থ আওয়ার ২০১৯ উদযাপন সম্পর্কীয়।

স্কাউটিং বিশ্বব্যাপি স্বীকৃত একটি শিক্ষামূলক যুব আন্দোলন। স্কাউটিংয়ের মাধ্যমে অর্জিত শিক্ষা কাজে লাগিয়ে স্কাউটরা তাদের ব্যক্তি জীবনে, মানবকল্যাণ ও সমাজ উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করছে। এ পৃথিবীকে বাসযোগ্য করে গড়ে তোলার দায়িত্ব সকলের। এই ধরিত্রীকে রক্ষায় বৈশ্বিক উষ্ণতা রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাপি আগামী ৩০ মার্চ ২০১৯ শনিবার “আর্থ আওয়ার” পালন করা হবে। এবারের প্রতিপাদ্য বিষয় “কম আর পূর্ণব্যবহার আমাদের জীবনযাত্রায় পরিবর্তন আনতে পারে” (“Reduce, Reuse, Change the Way We Live”)।

আর্থ আওয়ার উদযাপন উপলক্ষে স্কাউটরা স্থানীয় জনসাধারণ, নিজ বিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীসহ প্রতিবেশীদেরকে সচেতন ও উদ্বুদ্ধ করবে।

আর্থ আওয়ার উদযাপনে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো :

১। আগামী ৩০ মার্চ ২০১৯ শনিবার ইউনিট লিডারের নেতৃত্বে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সম্মুখে বা উল্লেখযোগ্য স্থানে কাব স্কাউট/ স্কাউট/রোভার স্কাউট ও নন স্কাউট ছাত্র-ছাত্রীদের নিয়ে পোস্টার/প্ল্যাকার্ড/ব্যানারসহ রাস্তার পাশে অবস্থান করে জনসচেতনতা বৃদ্ধি করা ;

২। আর্থ আওয়ার উদযাপনের বৈশ্বিক কর্মসূচির অংশ হিসেবে আগামী ৩০ মার্চ ২০১৯ তারিখ রাত ৮:৩০ মিনিট থেকে রাত ৯:৩০ মিনিট পর্যন্ত ১ (এক) ঘন্টা সময়ের জন্য বিদ্যুৎ বন্ধ/ ব্যবহার সীমিত রাখা ;

৩। বিদ্যালয়ের আঙ্গিনা, পাবলিক প্রেস পরিচ্ছন্ন করা এবং প্লাস্টিক বর্জ্য অপসারণসহ প্লাস্টিক বর্জ্যমুক্ত পরিবেশ গঠনে জনসচেতনতা তৈরী করা ;

৪। সবুজ পরিবেশের জন্য বৃক্ষরোপন ও যত্ন নেয়া ;


৫। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে জনসচেতনতা তৈরী করা ;

৬। আর্থ আওয়ার উপলক্ষে বাস্তবায়িত কর্মসূচি সামাজিক যোগাযোগ মাধ্যম, আঞ্চলিক ও জাতীয় প্রচার মাধ্যমে প্রচার করা ;

৭। জাতীয় সদর দফতর থেকে প্রেরিত সচেতনতামূলক পোস্টার জেলা ও উপজেলার উল্লেখযোগ্য স্থানে প্রদর্শন।

এ বিষয়ে আরও তথ্যাদির প্রয়োজন হলে বাংলাদেশ স্কাউটস এর পরিচালক (স্পেশাল ইভেন্টস) জনাব মুহাম্মদ আবু সালেহ (০১৭১২-২৬৬৭৮০) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

“আর্থ আওয়ার” উদযাপনের বিষয়ে জেলা, উপজেলা, গ্রুপ ও ইউনিট থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(আরশাদুল মুকাদ্দিস)

নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : সদর জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ;
২. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩. কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা স্কাউটস ও সকল জেলা রোভার ;
৪. প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৫. সভাপতি/কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা।

সদর জ্ঞাতার্থে :

১. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
২. জাতীয় কমিশনার (সকল) বাংলাদেশ স্কাউটস ;
৩. জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।